

২৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

তারিখ: -----

১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ

নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৩৩৩/২৫

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক

একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপব্যবস্থাপনা পরিচালক

সকল সহকারি মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ

লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা

এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয়: অত্র ব্যাংকের প্রচলিত বিভিন্ন ডিপোজিট স্কিমের কতিপয় শর্ত সংশোধন ও স্পষ্টীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বর্তমানে অত্র ব্যাংকে নিম্নবর্ণিত স্কিমসমূহ চালু রয়েছেঃ

ক্রমিক নম্বর	স্কিমের নাম	নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর	তারিখ	অন্যান্য
০১	জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (JBDPS)	১৩১৬/২৫	তারিখঃ ২৬/০১/২০২৫	
০২	নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কিম (NGDBS)	১৩১০/২৫	তারিখঃ ০২/০১/২০২৫	
০৩	জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কিম (JBASAMS)	১২৪৫/২৪	তারিখঃ ০১/০১/২০২৪	
০৪	জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট (JBSA)	১২৪৪/২৪	তারিখঃ ০১/০১/২০২৪	
০৫	জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (JMDS)	১০৯৩/২১	তারিখঃ ০৯/১২/২০২১	
০৬	জনতা ব্যাংক নারী কল্যান সঞ্চয় প্রকল্প	৯১৫/১৯	তারিখঃ ০৯/১২/২০১৯	
০৭	জনতা ডিপোজিট স্কিম (JDS)	৭৬৪/২০১৭	তারিখঃ ১৩/০৮/২০১৭	
০৮	জনতা হজ্জ ডিপোজিট স্কিম	৭৬৩/২০১৭	তারিখঃ ১৩/০৮/২০১৭	
০৯	অনিবাসী পেনশন স্কিম (NRPS)	৬২৯/১৫	তারিখঃ ১৪/০৯/২০১৫	

উপরোক্ত স্কিমসমূহ চালুকালীন সময়ে বিভিন্ন ধরনের মতামতের ভিত্তিতে ও পর্যদের অনুমোদনক্রমে নীতিমালা গ্রহণ করা হয়। কিন্তু পরবর্তিতে মাঠ পর্যায়ে বাস্তব প্রয়োগের সময় দেখা যায়, জারিকৃত নীতিমালায় কিছু পরিবর্তন ও স্পষ্টীকরণের মাধ্যমে সংশ্লিষ্ট স্কিমের ক্ষেত্রে অধিকতর সুবিধা গ্রহণ করা সম্ভব।

বিভিন্ন ডিপার্টমেন্টের পর্যবেক্ষণ ও মাঠ পর্যায়ের চাহিদার প্রেক্ষিতে স্কিমসমূহের নীতিমালায় পরিবর্তনের বিষয়ে ২৬/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্যদের ৮৪৭তম সভায় সদয় অনুমোদন প্রদান করা হয়। যেমনঃ বর্তমান নীতিমালায় ভিন্ন ভিন্ন স্কিমের কিস্তি জমাদানের ক্ষেত্রে মাসের ভিন্ন ভিন্ন নির্দিষ্ট সময়ের মধ্যে কিস্তি জমা করতে হয়। পরিবর্তিত নীতিমালায় মাসের যেকোনো কর্মদিবসে যেকোনো স্কিমের কিস্তি জমা করা যাবে। এছাড়াও স্কিমসমূহের নীতিমালায় নিম্নলিখিতভাবে অনুচ্ছেদওয়ারী পরিবর্তনের অনুমোদন প্রদান করা হয়েছেঃ

ক্র ম	স্কিমের নাম	অনুচ্ছেদ নম্বর ও বর্তমান নীতিমালা	পরিবর্তিত নীতিমালা	মন্তব্য
০১	জনতা ব্যাংক ডিপোজিট পেনশন স্কিম (JBDPS) নির্দেশ বিজ্ঞপ্তি- ১৩১৬/২৫	ক) ৫.০১ (০৩): যৌথ ও প্রতিষ্ঠানের নামে এ প্রকল্পের আওতায় স্কিম খোলা যাবে না। খ) ১০.০০: মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করা হলে।	ক) যৌথ নামে এ প্রকল্পের আওতায় স্কিম খোলা যাবে, তবে যৌথ হিসাবের ক্ষেত্রে হিসাবধারীর এক/একাধিক গ্রাহক মৃত্যুবরণ করলে নিম্নবর্ণিতভাবে হিসাব পরিচালিত হবেঃ ১। জীবিত গ্রাহক/গ্রাহকগণ সম্মত হলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখা যাবে। ২। যৌথ হিসাবধারীর সবাই মৃত্যুবরণ করলে, সেক্ষেত্রে নমিনি সম্মত হলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখা যাবে। এখানে উল্লেখ্য যে, যৌথ হিসাবের ক্ষেত্রে নমিনির বিষয়টি শুধুমাত্র যৌথ হিসাবধারীর সকলের মৃত্যুর পর বিবেচনা করা হবে। খ) ১০ (দশ) বছর মেয়াদে খোলা হিসাবের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হওয়ার পরে বন্ধ হলে, সেক্ষেত্রে ১১.০০ অনুচ্ছেদে বর্ণিত ৫(পাঁচ) বছরের জন্য প্রাপ্য অর্থ প্রদান করতে হবে এবং অবশিষ্ট দিনগুলোর জন্য ১০.০০ এর (০৪) নং অনুচ্ছেদের বর্ণিত হারে মুনাফা প্রদান করতে হবে।	

চলমান পাতা-২

বিষয়: অত্র ব্যাংকের প্রচলিত বিভিন্ন ডিপোজিট স্কিমের কতিপয় শর্ত সংশোধন ও স্পষ্টীকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

ক্রম	স্কিমের নাম	অনুচ্ছেদ নম্বর ও বর্তমান নীতিমালা	পরিবর্তিত নীতিমালা	মন্তব্য
০২	নতুন প্রজন্ম দ্বিগুণ মুনাফা স্কিম (NGDBS) নির্দেশ বিজ্ঞপ্তি- ১৩১০/২৫	ক) ৪.০১ (০৩): যৌথ ও প্রতিষ্ঠানের নামে এ প্রকল্পের আওতায় স্কিম খোলা যাবে না। খ) ৮.০০: মন্তব্য- উৎস করসহ অন্যান্য সরকারি চার্জ কর্তনযোগ্য	ক) যৌথ নামে এ প্রকল্পের আওতায় স্কিম খোলা যাবে, তবে যৌথ হিসাবের ক্ষেত্রে হিসাবধারীর এক/একাধিক গ্রাহক মৃত্যুবরণ করলে নিম্নবর্ণিতভাবে হিসাব পরিচালিত হবেঃ ১। জীবিত গ্রাহক/গ্রাহকগণ সম্মত হলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখা যাবে। ২। যৌথ হিসাবধারীর সবাই মৃত্যুবরণ করলে, সেক্ষেত্রে নমিনি সম্মত হলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখা যাবে। এখানে উল্লেখ্য যে, যৌথ হিসাবের ক্ষেত্রে নমিনির বিষয়টি শুধুমাত্র যৌথ হিসাবধারীর সকলের মৃত্যুর পর বিবেচনা করা হবে। খ) মন্তব্যঃ উৎস করসহ অন্যান্য সরকারি চার্জ কর্তনযোগ্য। প্রতি বছর উৎস করসহ অন্যান্য সরকারি চার্জ কর্তনের কারণে মেয়াদশেষে মোট সুদ প্রাপ্তির পরিমাণ ঘোষিত সুদের তুলনায় কম/বেশি হতে পারে।	
০৩	জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কিম (JBASAMS) নির্দেশ বিজ্ঞপ্তি- ১২৪৫/২৪	ক) ৬.০০: যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না।	ক) যৌথ নামে এ প্রকল্পের আওতায় স্কিম খোলা যাবে। এক্ষেত্রে, যৌথ গ্রাহকগণের নামে একই শাখায় পরিচালিত অনুরূপ যৌথ নামীয় সঞ্চয়ী/চলতি হিসাবে মুনাফার টাকা স্থানান্তর করতে হবে। যৌথ হিসাবের হিসাবধারীর এক/একাধিক গ্রাহক মৃত্যুবরণ করলে নিম্নবর্ণিতভাবে হিসাব পরিচালিত হবেঃ ১। জীবিত গ্রাহক/গ্রাহকগণ সম্মত হলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখা যাবে। ২। যৌথ হিসাবধারীর সবাই মৃত্যুবরণ করলে, সেক্ষেত্রে নমিনি সম্মত হলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখা যাবে। এখানে উল্লেখ্য যে, যৌথ হিসাবের ক্ষেত্রে নমিনির বিষয়টি শুধুমাত্র যৌথ হিসাবধারীর সকলের মৃত্যুর পর বিবেচনা করা হবে।	
০৪	জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট (JBSA) নির্দেশ বিজ্ঞপ্তি- ১২৪৪/২৪	ক) ৩.০: যৌথ ও প্রতিষ্ঠানের নামে এ প্রকল্পের আওতায় স্কিম খোলা যাবে না। খ) ৮.০ হিসাববন্ধকরণঃ হিসাব খোলার ০১ (এক) বছরের মধ্যে গ্রাহক হিসাব বন্ধ করতে চাইলে কোন রকম মুনাফা প্রাপ্য হবেন না।	ক) যৌথ নামে এ প্রকল্পের আওতায় স্কিম খোলা যাবে, তবে যৌথ হিসাবের ক্ষেত্রে হিসাবধারীর এক/একাধিক গ্রাহক মৃত্যুবরণ করলে নিম্নবর্ণিতভাবে হিসাব পরিচালিত হবেঃ ১। জীবিত গ্রাহক/গ্রাহকগণ সম্মত হলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখা যাবে। ২। যৌথ হিসাবধারীর সবাই মৃত্যুবরণ করলে, সেক্ষেত্রে নমিনি সম্মত হলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাব চালু রাখা যাবে। এখানে উল্লেখ্য যে, যৌথ হিসাবের ক্ষেত্রে নমিনির বিষয়টি শুধুমাত্র যৌথ হিসাবধারীর সকলের মৃত্যুর পর বিবেচনা করা হবে। খ) হিসাব খোলার ০৩ (মাস) অতিক্রান্ত হওয়ার পরে হিসাব বন্ধ হলে হিসাব খোলার তারিখে প্রচলিত সঞ্চয়ী হিসাবের জন্য প্রযোজ্য সুদহারে দৈনিক স্থিতির ভিত্তিতে মুনাফা প্রাপ্য হবেন।	
০৫	জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (JMDS) নির্দেশ বিজ্ঞপ্তি- ১০৯৩/২১	ক) ৫.৪: যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না।	ক) যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে।	

বিষয়: অত্র ব্যাংকের প্রচলিত বিভিন্ন ডিপোজিট স্কীমের কতিপয় শর্ত সংশোধন ও স্পষ্টীকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

ক্রম	স্কীমের নাম	অনুচ্ছেদ নম্বর ও বর্তমান নীতিমালা	পরিবর্তিত নীতিমালা	মন্তব্য
০৬	জনতা ব্যাংক নারী কল্যান সঞ্চয় প্রকল্প নির্দেশ বিজ্ঞপ্তি- ৯১৫/১৯	ক) ৬.৪: যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না।	ক) যুগ্ম নামে (উভয়ই নারী হতে হবে) এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে।	
০৭	জনতা ডিপোজিট স্কীম (JDS) নির্দেশ বিজ্ঞপ্তি- ৭৬৪/২০১৭	ক) ৫.৪: যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না।	ক) যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে।	
০৮	অনিবাসী পেনশন স্কীম (NRPS) নির্দেশ বিজ্ঞপ্তি- ৬২৯/১৫	ক) ৬.১১: যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না।	ক) যুগ্ম নামে (সকল হিসাবধারী অনিবাসী হতে হবে) এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে।	
০৯	জনতা ব্যাংক ডিপোজিট স্কীম (JBDS) নির্দেশ বিজ্ঞপ্তি- ৫৭/০৮	ক) ৯.০০: হিসাব বন্ধকরণের ক্ষেত্রে মাসিক প্রোডাক্ট এর ভিত্তিতে তার জমা টাকার উপর সে সময়ের প্রচলিত সুদের হারে সরল সুদসহ ফেরৎ দেয়া হবে।	ক) এই অনুচ্ছেদের সকল নীতিমালায় সে সময়ের প্রচলিত সুদ বলতে হিসাব খোলার তারিখে জনতা ব্যাংকে প্রচলিত সংশ্লিষ্ট সুদের হারকে বোঝাবে। উদাহরণঃ ১০/০৮/২০১৭ তারিখে খোলা হিসাবের জন্য মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে সুদের হার হবে ১০/০৮/২০১৭ তারিখের সংশ্লিষ্ট ধাপ অনুযায়ী সঞ্চয়ী অথবা স্থায়ী আমানতের সুদের হার।	নির্দেশ বিজ্ঞপ্তি ৭৬৪/২০১৭ তারিখ ১৩/০৮/২০১৭ অনুযায়ী সার্কুলার জারির তারিখ হতে এ প্রকল্পের আওতায় নতুন হিসাব খোলা যায় না।

এমতাবস্থায়, পরিবর্তিত নীতিমালায় গ্রাহকদের সুযোগ সুবিধা সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা এবং অধিক সংখ্যক হিসাব খোলার মাধ্যমে আমানত বৃদ্ধি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

মোহাম্মদ রিয়াজ হোসেন ফেরদৌস
উপমহাব্যবস্থাপক

প্রতিভা রানী সরকার
মহাব্যবস্থাপক